যখন তোমাদের কেউ কোন মজলিসে আসে, তখন সে যেন সালাম দেয়। যখন সে দাঁড়াতে চায়, তখন যেন সালাম দেয়। প্রথমটি শেষটির চেয়ে বেশি যোগ্য নয়।

আবূ হুরায়রা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "যখন তোমাদের কেউ কোন মজলিসে আসে, তখন সে যেন সালাম
দেয়। যখন সে দাঁড়াতে চায়, তখন যেন সালাম দেয়। প্রথমটি শেষটির চেয়ে বেশি যোগ্য নয়।" [হাসান] [সুনানে আবূ দাউদ, তিরমিযী, নাসায়ীর সুনানুল কুবরা ও মুসনাদে আহমদ]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নির্দেশ দিয়েছেন যে, যে ব্যক্তি এমন স্থানে আসে যেখানে লোকেরা বসে আছে, সে তাদের সালাম করবে এবং যদি সে সেখান থেকে উঠতে চায়, তাহলে তার উচিত তার সাথীদেরকে সালামের সাথে বিদায় জানানো। আগমনের সময় প্রথম সালাম প্রস্থানের সময় দ্বিতীয় সালামের চেয়ে বেশি উপযুক্ত নয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3173